



গাজা যুদ্ধোত্তর শাসনে যুক্তরাষ্ট্রের নতুন প্রশাসনিক কমিটি গঠন



সংগৃহীত ছবি

গাজায় যুদ্ধ-পরবর্তী শাসনব্যবস্থা গড়ে তুলতে যুক্তরাষ্ট্র একটি নতুন প্রশাসনিক কাঠামোর ঘোষণা দিয়েছে। এটি ডোনাল্ড ট্রাম্প প্রস্তাবিত গাজা শান্তি উদ্যোগের পরবর্তী ধাপ হিসেবে দেখা হচ্ছে।

হোয়াইট হাউস জানায়, 'ন্যাশনাল গাজা গভর্ন্যান্স কমিটি' নামে গঠিত এই কাঠামোর নেতৃত্বে থাকছেন প্রযুক্তিবিদ আলি শাখ। তার দায়িত্ব হবে গাজায় সরকারি সেবা পুনরায় চালু করা, বেসামরিক প্রতিষ্ঠান পুনর্গঠন এবং ভবিষ্যৎ স্বশাসনের প্রশাসনিক প্রস্তুতি তদারকি করা। উদ্যোগটি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ২০২৫ সালের ২৮০৩ নম্বর প্রস্তাবের আলোকে নেওয়া হয়েছে।

মাঠপর্যায়ে বাস্তবায়ন সমন্বয়ের দায়িত্ব দেওয়া হয়েছে নিকোলাই ম্লাদেনভকে, যিনি হাই রিপ্রেজেন্টেটিভ হিসেবে কাজ করবেন। একই সঙ্গে নিরাপত্তা ও মানবিক সহায়তা ব্যবস্থাপনায় আন্তর্জাতিক স্থিতিশীলতা বাহিনীর নেতৃত্বে থাকবেন মেজর জেনারেল জাসপার জেফার্স।

আঞ্চলিক ও আন্তর্জাতিক সমন্বয় জোরদারে একটি নির্বাহী বোর্ডও গঠন করা হয়েছে, যেখানে তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত ও মিসরের প্রতিনিধিরা রয়েছেন। এর আগে ট্রাম্পের মধ্যপ্রাচ্যবিষয়ক বিশেষ প্রতিনিধি স্টিভ উইটকফ যুদ্ধ অবসানের দ্বিতীয় ধাপ শুরু হওয়ার ঘোষণা দেন। জাতিসংঘ ইতোমধ্যে ২০২৭ সাল পর্যন্ত অস্থায়ী আন্তর্জাতিক বাহিনী মোতায়েনের অনুমোদন দিয়েছে।